

অংগীকার নামা  
(surety Bond)

stamp

১। যেহেতু ..... পিতা/মাতা .....  
গ্রাম ..... রেজি: নং ..... ঘোষণা নং .....

সামাজিক প্রতিবন্ধী মেয়েদের প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র, ..... তে একজন সামাজিক প্রতিবন্ধী মেয়ে হিসাবে অবস্থান করিতেছে এবং ইহার শিক্ষা, প্রশিক্ষণ ও অন্যান্য কর্মসূচীতে অংশ গ্রহণ করিয়া চারিত্রিক ও মানবিক উৎকর্ষ সাধনসহ সমাজে একজন কর্মক্ষম, উৎপাদনশীল, মর্যাদাপূর্ণ ও সুনামগরিক হিসাবে বসবাস করার গুণাবলী অর্জন করিয়াছে,

২। যেহেতু উল্লিখিত ..... পিতা/মাতা ..... আমার হেফাজতে আর্থ-সামাজিকভাবে পুনর্বাসিত হওয়ার জন্য সম্মতি জ্ঞাপন করিয়াছে এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষ আমার সততা, অংগীকার ও আন্তরিকতায় বিশ্বাস স্থাপন করিয়া আমার নিকট উল্লিখিত মেয়েকে হস্তান্তরে সম্মত হইয়াছেন, সেহেতু আমি ..... পিতা/মাতা ..... ঠিকানা ..... উল্লিখিত মেয়ের যথাযথ ভরণপোষণ, নিরাপত্তা বিধান, বিবাহ ও আর্থ-সামাজিক পুনর্বাসনের দায়িত্বভার গ্রহণ করিলাম।

৩। আমি আরও অংগীকার করিতেছি বর্ণিত ..... কে আমার হেফাজতে ও তত্ত্ববধানে হস্তান্তর করা হলে তাকে মান সম্মান ও মানবিক অধিকারসহ প্রতিপালন করিব এবং তাহাকে কোন অসৎ ও অমানবিক কাজে ব্যবহার করা বা ব্যবহৃত হওয়া হতে বিরত রাখিব। ইহার ব্যত্যয় ঘটিলে আমি সরকার ও অত্র কেন্দ্র কর্তৃপক্ষের নিকট দায়ী থাকিব এবং আমার অপারগতা বা উদাসীন্য বা অত্র অংগীকার নামা ভংগকারী হিসাবে ১০,০০০/- (দশ হাজার) টাকা জরিমানা প্রদান করিতে আমি বাধ্য থাকিব।

অদ্য ..... ইং তারিখ আমি স্বইচ্ছায়, স্বজ্ঞানে ও সুস্থ মস্তিষ্কে এ অংগীকার ও নিশ্চিয়তা নামায় টিপসহ/দস্তখত করিলাম।

আবেদনকারীর স্বাক্ষর/টিপসহি

আবেদনকারী/ কারীনি আমার পরিচিত ও আমার দ্বারা সনাক্তকৃত। তাহাকে অত্র হলফনামা/অংগীকারপত্র পড়াইয়া শুনান হইয়াছে এবং তিনি আমার সম্মুখে স্বাক্ষর/ টিপসহি প্রদান করিয়াছেন।

সনাক্তকারীর স্বাক্ষর ও সীল

স্বাক্ষীঃ

১।

২।

প্রতিস্বাক্ষরিত

ব্যবস্থাপক  
সামাজিক প্রতিবন্ধী মেয়েদের  
প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র

জেলা প্রশাসক  
ও  
সভাপতি, ব্যবস্থাপনা কমিটি



